


# ২০০৯ সালে অবকাঠামো উন্নয়নে এলজিইডি'র সাফল্য



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

জানুয়ারি, ২০১০

## ভূমিকা :

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে কারিগরী সহায়তা প্রদান এবং পল্লী ও শহরাঞ্চলে অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণসহ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। পরিবেশের ভারসাম্য সংরক্ষণ ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকারের জাতীয় কর্মসূচি বাস্তবায়নেও এলজিইডি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নসহ বিশ্ব ব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক, জাপান সরকার, ইসলামী উন্নয়ন ব্যাংক, ইউরোপীয় ইউনিয়ন, জার্মান সরকার, ইফাদ, ইউএনডিপি, কানাডিয়ান সিডা, বিশ্ব খাদ্য কর্মসূচি ইত্যাদি উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় এলজিইডি বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড/কর্মসূচি বাস্তবায়ন করে থাকে।



পল্লী অবকাঠামো উন্নয়ন



নগর অবকাঠামো উন্নয়ন



পানি সম্পদ অবকাঠামো উন্নয়ন



প্রাথমিক শিক্ষা উন্নয়ন ও দুর্যোগ ব্যবস্থাপনা

## এলজিইডি'র আওতায় ২০০৯ সালে নির্মিত প্রধান প্রধান অবকাঠামোর বিবরণ :

### পল্লী অবকাঠামো উন্নয়ন :

| ক্রমিক নং | প্রধান প্রধান অংগের নাম | ভৌত কর্মসূচি |
|---|---|---|
| ১ | সড়ক (উপজেলা, ইউনিয়ন ও গ্রাম সড়ক) উন্নয়ন | ৩৫৩০ কিঃমিঃ |
| ২ | ব্রিজ/কালভার্ট নির্মাণ/পুনর্নির্মাণ | ৩৪৭৩২ মিঃ |
| ৩ | গ্রোথ-সেন্টার/হাট-বাজার উন্নয়ন | ২২৫ টি |
| ৪ | ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ | ২৩৬ টি |
| ৫ | পাকা সড়ক রক্ষণাবেক্ষণ/পুনর্বাসন | ৭০৩৪ কিঃমিঃ |
| ৬ | ব্রিজ/কালভার্ট রক্ষণাবেক্ষণ/পুনর্বাসন | ৩৩৩৯০ মিঃ |
| ৭ | বৃক্ষরোপণ | ১৩১৬ কিঃমিঃ |

### নগর অবকাঠামো উন্নয়ন :

| ক্রমিক নং | প্রধান প্রধান অংগের নাম | ভৌত কর্মসূচি |
|---|---|---|
| ১ | রাস্তা নির্মাণ | ১৭৪ কিঃমিঃ |
| ২ | ব্রিজ/কালভার্ট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ | ১৪৪ মিঃ |
| ৩ | ড্রেন নির্মাণ/পুনর্নির্মাণ | ৫২ কিঃমিঃ |
| ৪ | বাস টার্মিনাল/টাউন সেন্টার নির্মাণ | ৮ টি |
| ৫ | বস্তি উন্নয়ন/পুনর্বাসন | ১৪৯০০ টি পরিবার |
| ৬ | রাস্তা রক্ষণাবেক্ষণ/পুনর্বাসন | ৬০৬ কিঃমিঃ |
| ৭ | ড্রেন রক্ষণাবেক্ষণ/বন্যা পুনর্বাসন | ৮৬ কিঃমিঃ |

### পানি সম্পদ অবকাঠামো উন্নয়ন :

| ক্রমিক নং | প্রধান প্রধান অংগের নাম | ভৌত কর্মসূচি |
|---|---|---|
| ১ | বাঁধ পুনর্নির্মাণ | ৩২২ কিঃমিঃ |
| ২ | স্লুইস গেট/রেগুলেটর নির্মাণ | ১৪০ টি |
| ৩ | খাল পুনঃখনন | ৫১৫ কিঃমিঃ |
| ৪ | সেচ নালা পাকা/ভূগর্ভস্থ পাইপ লাইন স্থাপন | ৩৬ কিঃমিঃ |

### প্রাথমিক শিক্ষার অবকাঠামো উন্নয়ন :

| ক্রমিক নং | প্রধান প্রধান অংগের নাম | ভৌত কর্মসূচি |
|---|---|---|
| ১ | প্রাথমিক বিদ্যালয় নির্মাণ/পুনর্নির্মাণ | ৪১৬৬ টি |
| ২ | জেলা/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস নির্মাণ | ১২০ টি |
| ৩ | PTI সমূহের মেরামত ও হোস্টেল নির্মাণ | ১৫ টি |
| ৪ | প্রাথমিক বিদ্যালয় কাম সাইক্লোন সেন্টার | ৪৮ টি |

**গত এক বছরে এ সকল ভৌত অবকাঠামো উন্নয়নে মোট ৪,০৯৫.০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং এই কর্মকান্ডে ১,২৭৩.১০ লক্ষ জনদিবস কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।**

## এলজিইডি'র মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও দারিদ্র বিমোচন :

- রুরাল এমপ্লয়মেন্ট এন্ড রোড মেন্টেইনেন্স প্রোগ্রাম (RERMP) এর আওতায় ৫১,৭৪০ জন গ্রামীণ মহিলাকে কর্মসংস্থান প্রদান করে ১৭০ কোটি টাকা বেতন প্রদান করা হয়েছে। এদের মধ্যে ৬,৬৫০ জন মহিলাকে বিগত বছর স্ব-কর্মসংস্থান এর সুযোগ সৃষ্টি করে আত্মনির্ভরশীল হওয়ার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- সুনামগঞ্জ জেলার কমিউনিটিভিত্তিক সম্পদ ব্যবস্থাপনা প্রকল্পের মাধ্যমে হাওড় অঞ্চলের ৭৮,০০০ পরিবারের জীবন যাত্রার মান উন্নয়নের জন্য অবকাঠামো উন্নয়ন করা, স্থানীয় সম্পদে তাঁদের অংশগ্রহণ নিশ্চিত করা এবং কৃষি ও পশুসম্পদ কর্মকাণ্ডে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একই সাথে ৩,০০০ (তিন হাজার) গ্রাম সংগঠনের মাধ্যমে পরিবারগুলোকে ৩০ কোটি টাকা মাইক্রোক্রেডিট/উন্নয়ন সহায়তা প্রদান করে এদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেয়া হয়েছে।
- পল্লী সড়ক ও রক্ষণাবেক্ষণ কর্মসূচি এবং বাংলাদেশের পূর্বাঞ্চলীয় পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প : বৃহত্তর চট্টগ্রাম, নোয়াখালী ও সিলেট জেলা শীর্ষক প্রকল্পের আওতায় বিগত এক বছরে ১৭,৭০০ জন দুঃস্থ মহিলার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে ১৭,৭০০ কিঃমিঃ সড়ক রক্ষণাবেক্ষণ করা হয়েছে। এখাতে বিগত এক বছরে ৬৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে।
- চর অঞ্চলে বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং কৃষিখাত সহায়তা কর্মসূচী-২ : গ্রামীণ সড়ক ও হাটবাজার সংযোগ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (অংগ-৩); এর আওতায় বিগত এক বছরে প্রায় ২৫,০০০ মহিলার কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে।



## এলজিইডি'র প্রশিক্ষণ কর্মকাণ্ড :

### এলজিইডি'র অভ্যন্তরীণ

- এলজিইডি'র ১,৯৪০ জন কর্মকর্তা/কর্মচারীকে বিভিন্ন কারিগরি/প্রশাসনিক/আর্থিক/পরিবেশ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে ৮,৯৩৩ দিন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- গত এক বছরে এলজিইডি'র ৬৫ জন কর্মকর্তাকে প্রকল্প ব্যবস্থাপনা ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ২৯১ জন ঠিকাদারকে মান নিয়ন্ত্রণ এবং ঠিকাচুক্তির বিবিধ বিষয়ে ৬৮২ দিন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### স্থানীয় সরকারের জনপ্রতিনিধি ও উপকারভোগীদের প্রশিক্ষণ

- এলজিইডি'র ২ টি প্রকল্পের আওতায় দেশের ৭২০ টি ইউনিয়ন পরিষদের ৪,৮৪০ জন জনপ্রতিনিধিকে ইউনিয়ন পরিষদের অফিস, আর্থিক এবং পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্থানীয় সরকার পর্যায়ে দক্ষতা বৃদ্ধি এবং সুশাসন প্রতিষ্ঠায় সহযোগিতা করা হয়েছে।
- দেশের ১৩৩ টি পৌরসভার ১,৫৯৬ জন নির্বাচিত জনপ্রতিনিধি/মেয়র, ৮৪৯ জন প্রকৌশলী/কারিগরী কর্মকর্তা এবং ৯৯১ জন অন্যান্য কর্মকর্তা/কর্মচারীকে ১৪,২৫২ কার্যদিবস প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পৌরসভাসমূহের অবকাঠামো, অফিস এবং আর্থিক ব্যবস্থাপনার মান উন্নয়ন করা হয়েছে।
- সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট, দ্বিতীয় গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (আরআইআইপি-২) এবং বাংলাদেশের পূর্বাঞ্চলীয় পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প : বৃহত্তর চট্টগ্রাম, নোয়াখালী ও সিলেট জেলা শীর্ষক প্রকল্পের আওতায় ২,৮৩২ জন উপকারভোগীকে প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে ৬,২৩০ দিন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



## এলজিইডি'র প্রশাসনিক ব্যবস্থাপনা :

- এলজিইডি'র সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করে ১০,৩০২ জন কর্মকর্তা/কর্মচারীর সার্ভিস রুলস সম্বলিত গেজেট ১০ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রকাশিত হয়েছে।
- নন গেজেটেড কর্মচারীদের বিভিন্ন ক্যাটাগরীর মোট ৬৭৪ টি শূণ্য পদে সরাসরি নিয়োগের জন্য ছাড়পত্র পাওয়া গেছে। বর্তমানে নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।
- উপজেলা ও জেলা পর্যায়ে ২৬৩ জনকে উপজেলা প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- আঞ্চলিক পর্যায়ে ১০ টি তত্ত্বাবধায়ক প্রকৌশলীর পদ সৃষ্টি হয়েছে;
- সদর দপ্তর পর্যায়ে ১ টি তত্ত্বাবধায়ক প্রকৌশলীসহ ১টি অতিরিক্ত প্রধান প্রকৌশলীর পদ সৃষ্টি করা হয়েছে।




জনাব সৈয়দ আশরাফুল ইসলাম, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এলজিইডি'র উন্নয়ন কর্মকাণ্ডের পর্যালোচনা সভায় বক্তব্য রাখছেন।

## ২০০৯ সালে এলজিইডি'র মাধ্যমে সরকারের উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখতে ৩,১৭৮ কোটি টাকা ব্যয়ে ১৪ টি নতুন প্রকল্প ECNEC কর্তৃক অনুমোদন করা হয়েছে :

| ক্রমিক নং | অনুমোদিত প্রকল্পের নাম |
|---|---|
| ১ | ইউনিয়ন সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প : বৃহত্তর যশোর ও কুষ্টিয়া জেলা। |
| ২ | বৃহত্তর বরিশাল জেলার গ্রামীণ যোগাযোগ ও হাট-বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প। |
| ৩ | ইউনিয়ন সংযোগ সড়ক ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প : বৃহত্তর ময়মনসিংহ জেলা। |
| ৪ | ঘূর্ণিঝড় (সিডর) ক্ষতিগ্রস্ত এলাকায় বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প। |
| ৫ | নবসৃষ্ট এবং নদী ভাঙ্গনে বিলীন উপজেলাসমূহে কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প। |
| ৭ | পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প : পার্বত্য চট্টগ্রাম |
| ৬ | সেতু/কালভার্টের এ্যাপ্রোচ সড়ক উন্নয়ন প্রকল্প। |

| ক্রমিক নং | অনুমোদিত প্রকল্পের নাম |
|---|---|
| ৮ | কনস্ট্রাকশন অব ব্রীজ ওভার ব্রহ্মপুত্র রিভার অন সলাটিয়া বাজার-হাজিগঞ্জ বাজার-দেওয়ানগঞ্জ বাজার রোড। |
| ৯ | খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নদীতে রাবার ড্যাম নির্মাণ প্রকল্প। |
| ১০ | দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের অনগ্রসর উপজেলাসমূহের গ্রামীণ সড়ক, সেতু/কালভার্ট ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প। |
| ১১ | গোপালগঞ্জ পৌরসভার মরা মধুমতি নদী পুনর্বাসন ও পার্শ্ববর্তী এলাকা উন্নয়ন প্রকল্প। |
| ১২ | উপজেলা ও ইউনিয়ন সড়ক, সেতু/কালভার্ট নির্মাণ/পুনর্নির্মাণ প্রকল্প (সড়ক ও জনপথ হতে স্থানান্তরিত)। |
| ১৩ | বৃহত্তর ফরিদপুর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প। |
| ১৪ | জেডিসিএফ সহায়তায় ৫টি উপজেলা সড়ক উন্নয়ন প্রকল্প। |



জনাব জাহাঙ্গীর কবির নানক, মাননীয় প্রতি মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় "Experience Sharing Seminar on UGAIP Implementation" শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন।



প্রধান প্রকৌশলী জনাব মোঃ ওয়াহিদুর রহমান এলজিইডি'র বার্ষিক পর্যালোচনা সভায় বক্তব্য রাখছেন।